**রাশিয়ার উপপ্রধানমন্ত্রী প্রধানমন্ত্রীর সংগে সাক্ষাৎ করলেন**

প্রেসিডেন্ট ভ্লাদিমির পুটিনের অভিনন্দন  এবং ভারত ও রাশিয়ার মধ্যে বিশেষ অধিকারপ্রাপ্ত স্ট্র্যাটেজিক অংশীদারি আরো গভীর ও শকতিশালী  করার তাঁর আগ্রহের বার্তা পৌঁছে দিতে রাশিয়ার উপপ্রধানমন্ত্রী ডিমিট্রি রোগোজিন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সংগে সাক্ষাৎ করেন।প্রতিকূল পরিস্থিতিতে ভারতের পাশে দাঁড়িয়ে রাশিয়া দীর্ঘসময়ের পরীক্ষিত ও বিশ্বাসযোগ্য বন্ধু বলে প্রধানমন্ত্রী ব্যাখ্যা করেন এবং  ভারতের প্রতিরক্ষা সম্পদ বৃদ্ধিতে বৃহত্তম অংশীদার হওয়ায় ভারতে  বিপুল শুভাকাঙ্খী বলে স্বীকৃত। প্রধানমন্ত্রী এই সম্পর্ককে শিখরে উন্নীত করতে তাঁর আকাঙ্খা ব্যাকতো করেন। ১৪ জুন আইএনএস বিকরমোদিত্যে তাঁর সাম্প্রতিক সফর প্রধানমন্ত্রী স্মরণ করেন এবং ভারতের নৌশকতিতে এক বিশাল মাইলফলক অর্জনে রাশিয়ার অবদানের জন্য উপপ্রধানমন্ত্রী রোগোজিনকে ধন্যবাদ জানান। তিনি প্রেসিডেন্ট পুটিনের সংগে এক ফলপ্রসূ,সুনির্দ্দিষ্ট বিষয়ভিত্তিক এবং অগ্রগামী শিখর বৈঠকের জন্য উন্মুখ বলে জানান।

**নয়াদিল্লি**

**১৯ জুন ২০১৪**